**বারিধারা ডিওএইচএস পরিষদ**
**ঢাকা সেনানিবাস**
**নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী**

১। বারিধারা ডিওএইচএস পরিষদের কার্যনির্বাহী কমিটির ৭ম সভা ২৯ মার্চ ২০২৬ ইং তারিখ সন্ধ্যা ১৯০০ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবঃ)। সভায় নিম্নেবর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

| | | |
|---|---|---|
| ক। | কর্নেল এম আব্দুল হাই (অবঃ) | - প্রেসিডেন্ট |
| খ। | ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ) | - সিনিঃ ভাইস প্রেসিডেন্ট |
| গ। | কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ) | - ভাইস প্রেসিডেন্ট |
| ঘ। | ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অঃ) | - সেক্রেটারী |
| ঙ। | গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) | - ট্রেজারার |
| চ। | মেজর জাফরউল্লাহ খান (অবঃ) | - জয়েন্ট ট্রেজারার |
| ছ। | লেঃ কর্নেল মোঃ আব্দুর রব (অঃ) | - মেম্বার সিকিউরিটি |
| জ। | ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) | - মেম্বার এ্যাডমিন |
| ঝ। | মেজর জেনাঃ মোঃ আবুল কালাম আজাদ, পিএইচডি, এমএসসি, এমপিএইচ (অবঃ) | - মেম্বার মেডিকেল |
| ঞ। | ডাঃ পারভীন হক চৌধুরী | - সদস্য |
| ট। | এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ) | - সদস্য |
| ঠ। | মিসেস পারভীন যোবায়দা | - সদস্য |
| ড। | গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) | - সদস্য |
| ঢ। | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) | - সদস্য |
| ণ। | লেঃ কর্নেল আব্দুন নুর খান (অবঃ) | - সদস্য |
| ত। | ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবঃ) | - সদস্য |
| থ। | মিসেস সাবরিনা মফিজ | - সদস্য |
| দ। | কর্নেল জয়নুল আবেদীন (অবঃ) | - সদস্য |

২। সভার জন্য প্রয়োজনীয় কোরাম উপস্থিত থাকায়, সভাপতির অনুমতিক্রমে সভা শুরু করা হয়। সভার আলোচ্য সূচি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| **আলোচ্যসূচি ও সিদ্ধান্ত** | **কার্যক্রম** |
|---|---|
| **আলোচ্যসূচি- ০১ ঃ পবিত্র কোরআন থেকে অনুবাদসহ তেলাওয়াত**<br>• বারিধারা ডিওএইচএস জামে মসজিদের মুয়াজ্জিন হাফেজ মাওলানা মোঃ আলী উসমান পবিত্র কোরআনের কয়েকটি আয়াত তেলাওয়াত ও তরজমা করেন। তিনি মহান আল্লাহ্‌র নিকট বারিধারা ডিওএইচএস পরিষদ ইসি সদস্যদের সু-স্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করেন। তারপর অত্যন্ত বিনয়ের সাথে বাড়ী # ২৩৯, রোড # ০৩ মরহুম লেঃ কর্নেল মোঃ নকিবুর রহমান এর স্ত্রী নাফিসা বেগম এর নাম উল্লেখপূর্বক তার রুহের মাগফেরাত কামনা করেন এবং আরও যারা এ যাবৎ কাল পর্যন্ত আমাদের মাঝ থেকে চিরবিদায় নিয়েছেন তাদেরকে স্মরণ করে সর্বশক্তিমান মহান আল্লাহ তা'য়ালার নিকট সকলের রুহের মাগফেরাত কামনা ও শান্তির জন্য দোয়া করেন। | সেক্রেটারী |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০২ ঃ প্রেসিডেন্ট এর উদ্বোধনী বক্তব্য**<br><br>উদ্বোধনী ভাষনে প্রেসিডেন্ট একজিকিউটিভ কমিটির ৭ম সভায় সকল সদস্যগন স্বতঃস্ফুর্তভাবে অংশ গ্রহণ করায় স্বাগত জানিয়ে এবং তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে রমজান মাসের দীর্ঘ বিরতির পর অদ্যকার ইসি সভা অনুষ্ঠিত হচ্ছে। তিনি আরো বলেন আমরা পবিত্র মাহে রমজান মাসে আমাদের গুনাহ মাফের মাস হিসেবে আত্মশুদ্ধি ও ইবাদতের মধ্যে দিয়ে অতিবাহিত করেছি। মহান আল্লাহ যেন আমাদের সকলের ইবাদতকে কবুল করেন। এরপর তিনি সকলকে ঈদের শুভেচ্ছা জানান এবং মহান আল্লাহর কাছে সকলের কল্যাণ কামনা করেন। সভায় সর্বাধিক সংখ্যক সদস্য উপস্থিত হওয়ায় তিনি পুনরায় তার আত্মতৃপ্তি প্রকাশ পূর্বক সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br><br>প্রেসিডেন্ট বলেন অদ্যকার সভাটি একটু দীর্ঘ হবে, যেখানে অনেকগুলি বিষয় নিয়ে আলোচনা করতে হবে এবং সিদ্ধান্ত নিতে হবে। তিনি বর্তমান ইসি কমিটির বাস্তবায়িত কর্মকান্ডের বিষয়ে উল্লেখ করে বলেন যে সেনানিবাস এমপি চেক পোস্টের সন্নিকটের রেল সড়ক ও মেইন সড়ক ক্রসিং পয়েন্টটি বহুদিন এবরো থেবড়ো অবস্থায় ছিল, ফলে যান চলাচলের একেবারেই উপযোগী ছিল না। সড়কটি মেরামতের মাধ্যমে গাড়ী চলাচলের উপযোগী করা হয়েছে। এ ব্যাপারে বিগত স্বরাষ্ট্র উপদেষ্টা লেঃ জেনাঃ মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী, এনডিসি, পিএসসি (অবঃ) এর সহায়তায় সুন্দরভাবে সম্পন্ন করা হয়েছে এজন্য অত্র পরিষদের প্রেসিডেন্ট ও ইসি সদস্যদের পক্ষ থেকে তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করেন। স্কুল গেট থেকে ট্রানজিট ক্যাম্প পর্যন্ত সড়কের মধ্যবর্তী সংকীর্ণ অংশ মেরামত করে প্রশস্থ করা হয়েছে। এছাড়া প্রেসিডেন্ট বারিধারা গেট হতে ওয়াই জংশন সড়কের পুনঃ কার্পেটিংয়ের ব্যাপারে ডিএনসিসি এর কর্মকর্তাগনের সাথে নিয়মিত যোগাযোগ করছেন বলে জানান এবং তিনি আশা ব্যক্ত করেন অতিসত্বর কাজটি শুরু হবে। প্রেসিডেন্ট বলেন আপনারা অবহিত আছেন সেনাসদর হতে অনুদানকৃত একটি ভালমানের এ্যাম্বুলেন্স গত ০৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ট্রাস্ট ব্যাংক লিঃ এর ব্যবস্থাপনায় পরিষদকে হস্তান্তর করা হয়েছে। এছাড়া বারিধারা গেটটি নতুনভাবে দৃষ্টিনন্দন করতে বার্জার পেইন্ট বাংলাদেশ লিঃ সংস্কার করেছে যা অনেক দৃষ্টিনন্দন হয়েছে এবং ঐ এলাকা এখন আগের চেয়ে অনেক বেশি উজ্জ্বল হয়েছে। পরিশেষে, প্রেসিডেন্ট নির্বাহী কমিটির সদস্য মিসেস সাবরিনা মফিজ সুস্থ হয়ে ফিরে আসায় মহান আল্লাহর নিকট শুকরিয়া জ্ঞাপন করেন এবং সকলের নিকট তার জন্য দোয়া প্রার্থনা করেন। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ০৩ ঃ নির্বাহী কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী অনুমোদন**<br><br>পরিষদ নির্বাহী কমিটির সেক্রেটারী মহোদয় ৬ষ্ঠ ইসি সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সেক্রেটারী ৬ষ্ঠ সভার আলোচিত বিভিন্ন গুরুত্বপূর্ণ আলোচ্যসূচির উপর আলোকপাত করেন এবং পয়েন্টসমূহের গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে সকলকে অবগত করেন। বিভিন্ন পয়েন্টস আলোচনার পর ৬ষ্ঠ ইসি সভার আলোচ্যসূচি-১১ (ঙ) এর ব্যাপারে ডেভেলপমেন্ট ওয়ার্কস সাব-কমিটিকে কাজটি সম্পন্ন করার দায়িত্ব দেয়া হয়। উক্ত কমিটি এমআইএসটি ও স্থাপনা কনসালটেন্টস কর্তৃক দাখিলকৃত পূর্বের প্রতিবেদন পর্যবেক্ষন করবেন এবং উক্ত প্রতিবেদনের আলোকে প্রয়োজনে এমআইএসটি ইঞ্জিনিয়ার কর্তৃক মসজিদের মাটি পরীক্ষা (Soil test) করার প্রয়োজনীয়তা আছে কিনা সে ব্যাপারে সুচিন্তিত মতামত/পরামর্শ ও প্রস্তাব আগামী নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করবেন। বিস্তারিত আলোচনা শেষে উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য ভাইস প্রেসিডেন্ট কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ) প্রস্তাব করেন এবং মেম্বার সিকিউরিটি লেঃ কর্নেল মোঃ আব্দুর রব (অবঃ) সমর্থন করেন। কার্যবিবরনী সভায় অনুমোদিত হলো। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ০৪ ঃ ইসি কর্তৃক ফেব্রুয়ারি ২০২৬ মাসের আর্থিক খরচের অনুমোদন**<br><br>বারিধারা ডিওএইচএস পরিষদের ফেব্রুয়ারি ২০২৬ মাসের আর্থিক খরচের বিষয়টি ট্রেজারার গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করেন এবং ব্যালেন্সশীট সম্পর্কে সকলকে অবহিত করেন। উক্ত আর্থিক খরচে কোন ধরণের মন্তব্য না থাকায় অনুমোদনের জন্য ইসি সদস্য গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) প্রস্তাব করেন। ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) ও গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) তা সমর্থন করেন। ফলে ফেব্রুয়ারি ২০২৬ মাসের আর্থিক খরচ ইসি কর্তৃক অনুমোদিত হয়। | সকল ইসি সদস্যবৃন্দ |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০৫ ঃ গত ০৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভা (এজিএম) এর কার্যবিবরণীর সিদ্ধান্তের অগ্রগতির উপর আলোচনা**<br><br>**সিদ্ধান্ত ঃ** গত ০৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভা (এজিএম) এ যে সকল পয়েন্ট উত্থাপিত হয়েছে এবং সিদ্ধান্ত গৃহীত হয়েছে সে ব্যাপারে যার যা কার্যক্রম তা ফেলে না রেখে সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে কোন ধরণের বিলম্ব না করার জন্য প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবঃ) সংশ্লিষ্ট ইসি সদস্য ও সাব-কমিটিগুলোকে অনুরোধ করেন। সেক্রেটারী ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবঃ) সংশ্লিষ্ট সকল সদস্যদের ও সাব-কমিটিগুলিকে তাদের নির্ধারিত দায়িত্বসমূহ সহসাই লিখিত আকারে প্রদান করবেন বলে আশ্বাস প্রদান করেন। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি- ০৬ ঃ Detailed discussions and taking decision about Vertical Extension of Fitness Centre, construction of Swimming Pool and Mosjid Miner by the Development Sub-Committee.**<br><br>**সিদ্ধান্তসমূহ ঃ**<br><br>**ক। ফিটনেস সেন্টার Vertical Extension**<br><br>অত্র পরিষদ প্রেসিডেন্ট সভার সকলকে জ্ঞাত করেন যে, জায়গার স্বল্পতার জন্য ফিটনেস সেন্টারের বিদ্যমান কাঠামোকে উপরের দিকে সম্প্রসারণ করে দো'তলায় পুরুষ সদস্যদের ব্যায়ামের জন্য এবং নীচতলার দুই তৃতীয়াংশ মহিলা সদস্যাদের ব্যায়ামের জন্য নির্ধারণ করা হবে। নীচতলার বাকী এক তৃতীয়াংশ 'ড্রিংকস কর্ণার' হিসেবে ব্যবহারের জন্য ইজারা প্রদানের প্রস্তাব করেন। তিনি জানান যে, ড্রিংকস কর্ণার ইজারা নেয়ার আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে খুজে বের করতে হবে। যিনি ড্রিংকস কর্ণার নিতে আগ্রহী হবেন তিনিই (ব্যক্তি/প্রতিষ্ঠান) ফিটনেস সেন্টারের **Vertical Extension** করে দিবেন। প্রয়োজনে ২/৩ বছর ড্রিংকস কর্ণার পরিচালনাকারীর নিকট থেকে কোন ভাড়া নেয়া হবে না। নির্মাণ কাজের টাকা ভাড়া থেকে সমন্বয় করা হবে। টেন্ডার আহবানের মাধ্যমে ঠিকাদার নিয়োগ করে **Vertical Extension** এর কাজ করানো হবে। ডেভেলপমেন্ট সাব-কমিটি সকল পদ্ধতি/নিয়মাবলী ঠিক রেখে নির্মাণ কাজ সম্পন্ন করবেন। প্রসংগত তিনি বলেন যে এই নির্মাণে পরিষদ ফান্ড থেকে কোন টাকা খরচ করা হবে না। | কনভেনার, ডেভেলপমেন্ট সাব-কমিটি |
| **খ। সুইমিং পুল নির্মাণ**<br><br>সদর দপ্তর লজিস্টিকস এরিয়া, ঢাকা সেনানিবাস কর্তৃক মনোনীত কমিটি সরেজমিনে সুইমিং পুল নির্মাণের সম্ভাব্যতা পর্যবেক্ষন করবেন এবং তাদের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম সম্পাদন করা হবে। এই সুইমিং পুল শুধুমাত্র শিশুদের জন্য করা হবে। ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি (অবঃ) একটি আন্তর্জাতিক মানের সুইমিং পুল নির্মাণের প্রস্তাব করেন। ইসির সদস্যগন সুইমিং পুলটিকে সার্বিক দিক বিবেচনা করে স্বল্প জায়গায়/পরিসরে নির্মাণ করার সিদ্ধান্ত গ্রহণ করেন। তবে আন্তর্জাতিক সুবিধাদি সম্পৃক্ত করা যায় কিনা তার সম্ভাব্যতা যাচাই করে কয়েকটি নকশা পরবর্তী ইসি মিটিং এ উপস্থাপনের জন্য ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি (অবঃ) কে অনুরোধ করা হয়। | কনভেনার, ডেভেলপমেন্ট সাব-কমিটি |
| **গ। মসজিদের মিনার নির্মাণ**<br><br>মসজিদ ম্যানেজমেন্ট সাব-কমিটি মিনারের Structural Design & Construction এর ব্যাপারে আইটি এন্ড কমিউনিকেশন সাব-কমিটির সহায়তা নিয়ে কয়েকটি নকশা নির্বাচিত করবেন যা পরবর্তীতে ডেভেলপমেন্ট ওয়ার্কস সাব-কমিটির নিকট হস্তান্তর করা হবে। ডেভেলপমেন্ট ওয়ার্কস সাব-কমিটি ঐখান থেকে নির্বাচিত মিনারের স্ট্রাকচারাল/ কাঠামোগত নকশা প্রণয়ন এবং নির্মাণ কাজ সম্পন্ন করবেন। | কনভেনার, মসজিদ, আইটি ও ডেভেলপমেন্ট সাব-কমিটি |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০৭ ঃ To design a Logo for Baridhara DOHS and get approval from the DOHS Central Committee**<br><br>**সিদ্ধান্ত ঃ** প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবঃ) বারিধারা ডিওএইচএস পরিষদের জন্য একটি নির্ধারিত লোগো নির্বাচণের ব্যাপারে প্রস্তাব করেন। বিস্তারিত আলোচনান্তে ডিজাইনার মোঃ আব্দুল কাইয়ুম এর মাধ্যমে লোগোর ২/৩ টি নমুনা প্রণয়নের জন্য সিদ্ধান্ত হয় যা আগামী ইসি সভায় নির্বাচিত করার জন্য উপস্থাপন করা হবে। পরবর্তীতে নির্বাচিত লোগোটি চূড়ান্ত অনুমোদনের জন্য সেনাসদর সেন্ট্রাল কমিটির নিকট প্রেরণ করা হবে। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি- ০৮ ঃ To take decision about advertisements proposals received so far**<br><br>**সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস এলাকায় বিজ্ঞাপন প্রদর্শনের জন্য যে সকল কোম্পানীর কাছ থেকে প্রস্তাব এসেছে তা মেম্বার এ্যাডমিন ও গঠিত বোর্ডের সদস্যগন যথাশীঘ্র চূড়ান্ত করবেন এবং একটি পূর্ণাঙ্গ প্রস্তাবনা সুপারিশ সহকারে সভাপতির চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করবেন। | মেম্বার এ্যাডমিন |
| **আলোচ্যসূচি- ০৯ ঃ Decoration of road sides from Ananaya to Baridhara gate by the Development Sub-committee**<br><br>**সিদ্ধান্ত ঃ** অনন্যা শপিং কমপ্লেক্স হতে বারিধারা গেট পর্যন্ত সৌন্দর্য্যবর্ধনের পূর্বের সিদ্ধান্ত মোতাবেক ডেভেলপমেন্ট ওয়ার্কস সাব-কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। সংশ্লিষ্ট রোডের পূর্ব ও পশ্চিম পার্শ্বের বাউন্ডারী দেওয়ালে রং করণের জন্য এবং পূর্ব পার্শ্বের দেওয়ালের উপরে স্থাপিত তারকাটার বেড়া মেরামত করণের জন্য অত্র পরিষদ হতে ক্যান্টনমেন্ট বোর্ডে পত্র প্রেরণ করা হবে। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক রং করণের পর ডেভেলপমেন্ট ওয়ার্কস সাব-কমিটি পরিকল্পিতভাবে স্পন্সরের মাধ্যমে রাস্তার দুই পার্শ্বে ওই এলাকার সৌন্দর্য্যবর্ধন করণের ব্যবস্থা করবে। | মেম্বার এ্যাডমিন ও কনভেনার, ডেভেলপমেন্ট সাব-কমিটি |
| **আলোচ্যসূচি- ১০ ঃ If decision of DCC is really implemented, how to cover up short fall of income if renting of offices are drastically reduced**<br><br>**সিদ্ধান্ত ঃ** ডিওএইচএস সেন্ট্রাল কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ডিওএইচএস এ অফিসের সংখ্যা কমে গেলে পরিষদের আয় অনেকাংশে কমে যাবে। ডিওএইচএস সেন্ট্রাল কমিটির সিদ্ধান্তের আলোকে সেনাসদর, স্টেশন সদর দপ্তর ও ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক কী ধরণের পদক্ষেপ নেন তা দেখার জন্য অপেক্ষা করতে হবে। তাদের কার্যক্রমের উপর ভিত্তি করে পরিষদ কর্তৃক আয় বাড়ানোর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি- ১১ ঃ Request for Approval of Purchasing 1 to 1.5 ton Truck/mini Pickup for DOHS Porishod**<br><br>**সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস পরিষদের জন্য ১ থেকে ১.৫ টনের একটি মিনি পিকআপ/ট্রাক ক্রয়ের ব্যাপারে প্রাপ্ত কোটেশনসমূহ নিয়ে আলোচনা করা হয়। সর্বমোট ১৩টি কোম্পানী/প্রতিষ্ঠানের কোটেশন পাওয়া যায়। বিস্তারিত আলোচনায় দেখা যায় যে, Tata, Ashok Layland and Mahindra সবগুলিই ডিজেল চালিত। তাই ইসি কর্তৃক সর্বসম্মতিক্রমে অকটেনে চালিত Toyota পিকআপ/ট্রাক ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। সঠিক পদ্ধতি এবং নীতিমালা অনুসরণ করে ক্রয় কমিটিকে এই ক্রয় সম্পন্ন করার জন্য ইসি কর্তৃক নির্দেশ প্রদান করা হয়। | কনভেনার, ক্রয় কমিটি |
| **আলোচ্যসূচি- ১২ ঃ Approval of some honorarium for cleaner Baily who is working as trainer in addition to her own job**<br><br>**সিদ্ধান্ত ঃ** ফিটনেস সেন্টারে কর্মরত ক্লিনার মোঃ শরীফ গাজী এর ন্যায় ক্লিনার বেলী ট্রেইনারের অতিরিক্ত দায়িত্ব পালন করায় মাসিক ৩,০০০/-টাকা অতিরিক্ত পারিশ্রমিক বেতনের সাথে প্রদানের জন্য অনুমোদিত হয় যা এপ্রিল ২০২৬ হতে কার্যকর হবে। | সেক্রেটারী/ ট্রেজারার |

| | |
|---|---|
| **<u>আলোচ্যসূচি- ১৩ ঃ বারিধারা ডিওএইচএস পরিষদের ম্যাগাজিন 'দীপশিখা' প্রকাশনা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** সঙ্গত কারণে পরিষদ কর্তৃক প্রকাশিত ম্যাগাজিন 'দীপশিখা' প্রকাশনা বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। তবে এখন থেকে ত্রৈমাসিক ভিত্তিতে একটি Newsletter প্রকাশিত হবে যাতে পরিষদের সকল কার্যক্রম, ইভেন্ট ও অনুষ্ঠানাদি অন্তর্ভূক্ত থাকবে। | কনভেনার, লাইব্রেরী এন্ড পাবলিকেশন সাব-কমিটি |
| **<u>আলোচ্যসূচি- ১৪ ঃ Discussion about enhancement of salaries and finalisation of the pay grades</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিষয়োক্ত ব্যাপারে প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবঃ) এর সমন্বয়ে গঠিত কমিটি কাজ করছে। প্রেসিডেন্ট বলেন, বেতন বৃদ্ধির প্রস্তাবনা যুগোপযোগী করতে হবে যাতে করে কর্মরত কর্মচারীরা চাকুরীতে/কাজে আগ্রহ বোধ করেন। কমিটির সদস্যদের মতামতের ভিত্তিতে ২/৩ টি গ্রেডের প্রস্তাবনা ইতিমধ্যে প্রস্তুত করা হয়েছে। ট্রেজারার, গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) ১০টি গ্রেড এর প্রস্তাব করেন। প্রেসিডেন্ট মনে করেন, যত ভালো গ্রেডই করা হোক, যুক্তি দেখানোর জন্য তত বেশী পয়েন্টস উত্থাপিত হবে। বেতন স্কেল কমিটি পুনরায় সভা আহবানের মাধ্যমে একটি যথোপযুক্ত বেতনস্কেল ও গ্রেড প্রস্তুত করবে যা পরবর্তী ইসি সভায় অনুমোদনের মাধ্যমে ০১ জুলাই ২০২৬ হতে কার্যকরী করা হবে। | বেতন ভাতা মূল্যায়ন কমিটি |
| **<u>আলোচ্যসূচি- ১৫ ঃ To run Pharmacy, Laundry & Other Services by DOHS Porishod as per decision of DCC</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** ডিওএইচএস সেন্ট্রাল কমিটির ৬১তম সভার কার্যবিবরণী অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কী ধরণের পদক্ষেপ গ্রহণ করেন তা দেখার জন্য অপেক্ষা করতে হবে। ডিওএইচএস এর কমপ্লেক্সগুলোর অভ্যন্তরে অত্যাবশ্যকীয় সেবা/সুবিধাগুলির ব্যবস্থা করার জন্য আমাদের মানসিকভাবে প্রস্তুত থাকতে হবে। সভায় পয়েন্ট উত্থাপিত হয় যে, ডিওএইচএস এ অফিস কমে গেলে পরিষদের আয় ব্যাপকভাবে কমে যাবে। তাই বিষয়টি বিবেচনায় নিয়ে আয় বৃদ্ধির পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সেক্রেটারী |
| **<u>আলোচ্যসূচি- ১৬ ঃ Authorization of Cash in Hand Petty Cash for Convention Centre and Masjid may be increased from Tk. 20,000.00 to Tk. 50,000.00</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** উক্ত প্রস্তাবনার পক্ষে সকল ইসি সদস্যরাই একমত পোষন করলে প্রস্তাবটি অনুমোদিত হয়। | সেক্রেটারী/ ট্রেজারার |
| **<u>আলোচ্যসূচি- ১৭ ঃ Requirement of 3 Quotations for Procurement of any Item may be Raised from Tk. 10,000.00 to Tk. 30,000.00</u>**.<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** পরিষদের বিভিন্ন ফান্ডের খরচের নীতিমালা প্রণয়নের জন্য এবং ক্রয় কমিটির অংকের সীমা নির্ধারণ করার জন্য বিষয়োক্ত পয়েন্টটি উত্থাপিত হয়। ইসি সদস্যগন কর্তৃক সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত অনুমোদিত হয় ঃ<br><br>**ক। কোটেশন প্রয়োজন নাই ঃ টাকা- ৫০,০০০.০০পর্যন্ত (Proper Voucher এর মাধ্যমে যেকোন ক্রয় সম্পন্ন করা যাবে)।**<br><br>**খ। কোটেশন প্রয়োজন ঃ টাকা- ৫০,০০১.০০ হতে ১,০০,০০০.০০ পর্যন্ত। ৩টি ফার্ম/ কোম্পানী/প্রতিষ্ঠানের কোটেশন দাখিল করতে হবে।**<br><br>**গ। কোটেশন এবং ক্রয় কমিটির অনুমোদন প্রয়োজন ঃ টাকা- ১,০০,০০১.০০ হতে ৫,০০,০০০.০০পর্যন্ত।**<br><br>**ঘ। টেন্ডার প্রয়োজন ঃ টাকা- ৫,০০,০০১.০০ হতে তার উর্দ্ধে। বোর্ড গঠন ও টেন্ডারের মাধ্যমে কার্যক্রম সম্পন্ন করতে হবে।** | সেক্রেটারী, ট্রেজারার ও ক্রয় কমিটি |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ১৮ ঃ Requirement of Approval of Purchase Committee for Procurement/ Repair/Maint Works may be Raised from Tk. 30,000.00 to Tk. 100,000.00**<br><br>**সিদ্ধান্ত ঃ** ইসি সদস্যগন একমত পোষন করার প্রস্তাবটি অনুমোদিত হয়। | সেক্রেটারী ও ক্রয় কমিটি |
| **আলোচ্যসূচি- ১৯ ঃ Discussion on points raised by Capt M Omar Faruque (G), psc, BN (Retd)**<br><br>ক। **পজ মেশিন সংগ্রহ ও ব্যবহার ঃ** ডিওএইচএস পরিষদ ও মসজিদ এর চাঁদা অনেক বাসিন্দা কর্তৃক কার্ডে প্রদান করতে আগ্রহ প্রকাশ করেন। এই অর্থ সংগ্রহ কার্যক্রম কয়েকটা মানি রিসিভি পজ মেশিন দ্বারা সংগ্রহ করলে বেশিরভাগ বাসিন্দার সুবিধা হবে। আজকাল অত্র এলাকার বেশিরভাগ ল্যান্ড ওনার, ফ্ল্যাট ওনার, ভাড়াটিয়া ও সংশ্লিষ্টগণ ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও ক্যাশলেশ লেনদেন করে থাকেন। যুগের সাথে তাল মিলিয়ে পজ মেশিনের সাহায্যে অর্থ সংগ্রহ করলে হিসাব রাখতে সুবিধা হবে।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপরোক্ত পয়েন্ট এর ব্যাপারে ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) কে ব্যাংক/সংশ্লিষ্ট সংস্থার সাথে যোগাযোগ করে পজ মেশিন ব্যবহারে কোন ভ্যাট/চার্জ কর্তন করা হবে না মর্মে নিশ্চিত হয়ে প্রয়োজনীয় সংখ্যক পজ মেশিন সংগ্রহের দায়িত্ব প্রদান করা হয়। এ ব্যাপারে আগামী ইসি সভায় আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় চূড়ান্ত কার্যকরী ব্যবস্থা নেয়া যেতে পারে। | ক্যাপ্টেন এম ওমর ফারুক, পিএসসি, বিএন (অবঃ) |
| **খ। নিরাপত্তা প্রহরীদের কর্তব্য ও ব্যবহার ঃ** ইদানিং সিকিউরিটি গার্ডদেরকে যথাযথ দায়িত্ব ও কর্তব্য পালনে অনেকটা ধীর ও অনিহা প্রবন দেখা যাচ্ছে। নিম্নেবর্ণিত দায়িত্বগুলি তাদের পালন করা উচিত;<br>(১) যানবাহনে অপ্রয়োজনে হর্ণ/ভেপু বাজানো।<br>(২) রিক্সাতে ৩ (তিন) জন যাত্রী নেওয়া।<br>(৩) মোটরসাইকেল হেলমেট ছাড়া চালানো ও যাত্রী বহন করা।<br>(৪) পথচারীদের ফুটপাত বাদ দিয়ে রাস্তায় চলাচল।<br>(৫) যত্রতত্র রাস্তায় কিছু লোকের ধুমপান করা।<br>(৬) অপরিষ্কার কর্তব্য স্থানে অবস্থান করা।<br>এই সব দায়িত্ব কর্তব্যগুলি অন্যান্য দায়িত্ব যেমন ট্রাফিক ম্যানেজমেন্ট, পার্কিং এ শৃঙ্খলা আনায়ন; সেই সাথে সামান্যতম মনোযোগ দিলে ভালো হতো।<br><br>**সিদ্ধান্ত ঃ** এ সমস্যাসমূহ দূরীকরণে মেম্বার সিকিউরিটির দৃষ্টি আকর্ষন করা হয়। তিনি প্রয়োজনীয় দিক নির্দেশনা ও প্রশিক্ষন প্রদান করবেন যাতে এ ধরণের অনিয়ম ও অভিযোগ আর উত্থাপিত না হয়। | মেম্বার সিকিউরিটি |
| **গ। জনবল বৃদ্ধি ঃ** ডিওএইচএস বারিধারায় যে জনবল আছে যেমন: বিভিন্ন নিরাপত্তা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, মসজিদ, অফিস কার্যক্রম, খেলাধুলা ও উন্নয়নের জন্য আছে তা আপাত দৃষ্টিতে যথেষ্ট মনে হলেও বর্তমান টিওএন্ডই পূণঃ পর্যালোচনা করা প্রয়োজন। পরিষ্কার কার্যক্রম, স্পোর্টস ও বাগানের উন্নয়নের জন্য জনবল বৃদ্ধি করা জরুরী বলে মনে হয়। আগাছাগুলি যথা সময়ে ছাটাই না করলে জংগল হয়ে যায় এবং মশার উপদ্রব বৃদ্ধি পায়। শিশু পার্কগুলিতে যথাযথ এজেন্টে থাকা উচিৎ। তা না হলে বহিরাগতরা পার্কের আইটেমগুলি নষ্ট করে ফেলে। এই প্রেক্ষিতে পরিচ্ছন্নতা কর্মী, মসজিদ স্টাফ ও ফিজিক্যাল ট্রেনার জনবল বৃদ্ধি করে সোসাইটির পরিবেশ আরো সুন্দর করা দরকার।<br><br>**সিদ্ধান্ত ঃ** সকল অনিয়মের ব্যাপারে ইসি কমিটি অবগত আছে। তবে সংশ্লিষ্ট দূর্বল এলাকাগুলো চিহ্নিত এবং দূরীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কমিটি ও সাব-কমিটিগুলোকে উপদেশ দেয়া হচ্ছে। | সেক্রেটারী ও নিয়োগ কমিটিসহ অন্যান্য সংশ্লিষ্ট কমিটি |
| **আলোচ্যসূচি- ২০ ঃ Any other business**<br><br>ক। গত ০৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত এজিএম এর আলোচ্যসূচি-০৯, পয়েন্ট-০৯ এর সিদ্ধান্তের ব্যাপারে আলোচনা হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে অত্র ডিওএইচএস এর খেলার মাঠে সকল খেলাধুলার সুবিধা সম্বলিত স্পোর্টস কমপ্লেক্স নির্মাণের পরিকল্পনার পরিপ্রেক্ষিতে উপস্থিত সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়। | |

| | |
|---|---|
| কমিটি তাদের কার্যক্রম শেষে সুপারিশ সহকারে প্রস্তাবটি ইসিতে উপস্থাপন করবেন।<br>সভাপতি ঃ ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ) - সিনিঃ ভিপি<br>সদস্য ঃ (১) কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ), ভিপি<br>(২) ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবঃ) - ইসি সদস্য<br>(৩) এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ) - ইসি সদস্য<br>(৪) কর্নেল জয়নুল আবেদীন (অবঃ) - ইসি সদস্য<br>(৫) মোঃ সাইদুল ইসলাম খান, বাড়ী # ৩৩২, রোড # ০৫<br>(৬) জিসান সাইদ খান, বাড়ী # ৩৩২, রোড # ০৫ | সংশ্লিষ্ট সদস্যবৃন্দ |
| খ। **<u>ডিএসএলআর ক্যামেরা ক্রয় ঃ</u>** অত্র পরিষদের সকল অনুষ্ঠানাদির ছবি তোলার জন্য একটি ভালমানের ক্যামেরা ক্রয় করার ব্যাপারে আলোচনা হয়। আইটি এন্ড কমিউনিকেশন সাব-কমিটির কনভেনার এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ) ৫০,০০০/- হতে ১,০০,০০০/-টাকার মধ্যে একটি ভালমানের ডিএসএলআর ক্যামেরা ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | কনভেনার, আইটি এন্ড কমিউনিকেশন সাব-কমিটি |
| গ। এ্যাম্বুলেন্স ড্রাইভার মোঃ হাবিবুর রহমান সাপ্তাহিক ছুটির দিন শুক্রবার জুম্মার সময় ডিউটি করে থাকে। এছাড়াও সে সরকারী ছুটিতে ডিউটি করে থাকে। তাকে অতিরিক্ত পারিশ্রমিক প্রদানের ব্যাপারে আলোচনা হয়। তাকে শুক্রবারের হিসেবে মাসে ৪/৫দিন ৮ ঘন্টা করে ওভারটাইম দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী |
| ঘ। অফিস এক্সিকিউটিভ সান্টু খান এর ছুটির আবেদনের বিষয়ে আলোচনা হয়। আবেদন অনুযায়ী ১৯ দিনের যে ছুটির চাহিদা করা হয় তা গৃহিত হয়নি। তবে যেহেতু পরীক্ষা ঢাকার বাইরে, তাই প্রতিদিন পরীক্ষা দিয়ে ঢাকায় আসা কষ্টসাধ্য। এ প্রেক্ষিতে যেখানে এক পরীক্ষা থেকে আরেক পরীক্ষা ২/৩ দিন Gap/বন্ধ আছে উক্ত দিনগুলিতে তিনি ঢাকা এসে অফিস করবেন। | সেক্রেটারী |
| ঙ। ক্লিনার রুহুল আমিন ডিউটিরত অবস্থায় কর্তব্যস্থল ত্যাগ করা, ছুটিতে গিয়ে অনুপস্থিত থাকা, ডিউটি থেকে পলাতক ও দীর্ঘদিন ডিউটিতে অনুপস্থিত থাকা এবং চাকুরীতে অনীহা প্রকাশ করায় আগামী ০১ এপ্রিল ২০২৬ হতে চাকুরী থেকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী ও মেম্বার এ্যাডমিন |
| চ। সিসিইসিসি বাংলাদেশ এর আবেদনের ব্যাপারে আলোচনা হয়। তাদের প্রস্তাবিত ডিওএইচএস এলাকায় সৌরশক্তি চালিত পানি পরিশোধক মেশিন স্থাপনের প্রস্তাবটি অনুমোদিত হয়নি। | সেক্রেটারী |
| **<u>আলোচ্যসূচি-২১ ঃ পরবর্তী নির্বাহী কমিটির সভা ঃ</u>** আগামী ২৫ এপ্রিল ২০২৬ (শনিবার), সন্ধ্যা ১৯১৫ ঘটিকায় অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী |
| **<u>আলোচ্যসূচি - ২২ ঃ প্রেসিডেন্ট এর সমাপনী বক্তব্য ঃ</u>** সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রেসিডেন্ট নির্বাহী কমিটির সকল সদস্যদেরকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে ও সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন। | |

ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত)
সেক্রেটারী
০৭ এপ্রিল ২০২৬

**অনুমোদনক্রমে ঃ-**

কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)
প্রেসিডেন্ট
০৭ এপ্রিল ২০২৬

**কার্যক্রম ঃ**
সম্মানিত নির্বাহী কমিটির সদস্যবৃন্দ
হিসাব শাখা
কনভেনশন সেন্টার শাখা